ঢাকা পাওয়ার ডিষ্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড
DHAKA POWER DISTRIBUTION COMPANY LIMITED
(An Enterprise of the Government of the People's Republic of Bangladesh)
Web- site: www.dpdc.org.bd

দপ্তর
নির্বাহী পরিচালক (অপারেশন)
বিদ্যুৎ ভবন (৩য় তলা)
১ নং আব্দুল গণি রোড, ঢাকা-১০০০
ফোন-৯৫৬৩৪০৭, ফ্যাক্স-৯৫১২৭০৩

স্মারক নং- ডিপিডিসি/নিঃ পরিঃ (অপাঃ)/২০১৪/১.০৯/৫৩৩ তারিখঃ ০৬/০২/২০১৪ ইং।

বিষয় :- পাইকারী (বাল্ক) বিদ্যুৎ বিলের অসঙ্গতি দূরীকরনের পদক্ষেপ গ্রহনের জন্য ডিপিডিসি এর সহিত ডেসকোর ২২ জানুয়ারী ২০১৪ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরনী।

সভাপতি :- এ.এম. মিজানুর রহমান, র্নিবাহী পরিচালক (অপারেশন), ডিপিডিসি
তারিখ :- ২২ জানুয়ারী ২০১৪ইং।
স্থান :- নির্বাহী পরিচালক (অপারেশন) এর দপ্তর কক্ষ।
সময় :- সকাল ১১.০০ ঘটিকা।

সভার সভাপতি ডিপিডিসি'র র্নিবাহী পরিচালক (অপারেশন) জনাব এ.এম. মিজানুর রহমান সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি বলেন পাইকারী (বাল্ক) বিদ্যুৎ বিলের অসঙ্গতি বিষয়ে ডিপিডিসি ও বিউবো এর মধ্যে সৃষ্ট সমস্যা দূরীকরনের জন্য গত ২৪ ডিসেম্বর ২০১৩ ইং তারিখে বিইআরসি'র সভাকক্ষে বিইআরসি'র সদস্য প্রকৌশলী মো: দেলোয়ার হোসেন এর সভাপতিত্বে ডিপিডিসি, বিউবো, ডেসকো, পিজিসিবি এবং পবিবো'র সহিত এক সভা অনুষ্ঠিত হয়। সভার সিদ্ধান্তসমূহ বিইআরসি'র স্মারক নং- বিইআরসি/ট্যারিফ/বিএসটি-০৪/১৪২, তারিখ : ১৩ জানুয়ারী ২০১৪ অনুযায়ী সকল বিতরন কোম্পানীকে প্রদান করা হয়েছে। ডেসকো'র সহিত ট্যারিফ পয়েন্টে সম্পর্কযুক্ত উক্ত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের লক্ষ্যে অদ্য সভার আয়োজন করা হয়েছে। সভায় ডেসকোর পক্ষে এস এন্ড ডি এন্ড নেটওয়ার্ক অপারেশনের প্রধান প্রকৌশলী জনাব নুর মহম্মদ, তত্ত্বাবধায়ক প্রকৌশলী (অর্থ) জনাব আব্দুস ছালাম এবং ডিপিডিসি'র পক্ষে ট্যারিফ এন্ড এনার্জি অডিট দপ্তরের তত্ত্বাবধায়ক প্রকৌশলী জনাব শেখ মোস্তাক আলী, নির্বাহী প্রকৌশলী জনাব মো: কামরুল আজম ও নির্বাহী পরিচালক (অপারেশন) দপ্তরে সংযুক্ত নির্বাহী প্রকৌশলী জনাব মো: আবুল কালাম আজাদ উপস্থিত ছিলেন। সভায় বিইআরসি সিদ্ধান্ত সমূহ আলোচনার ভিত্তিতে নিম্নলিখিত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

ক্রমিক নং	উপকেন্দ্র/ফিডার/বিষয়	সিদ্ধান্ত
০১।	কল্যানপুর ১৩২/৩৩ কেভি গ্রীড উপকেন্দ্র	বিইআরসি'র সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য ডিপিডিসি এবং ডেসকো একমত পোষন করেন।
০২।	কল্যানপুর (আগারগাঁওসহ) ৩৩/১১ কেভি উপকেন্দ্র	বিইআরসি'র সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য ডিপিডিসি এবং ডেসকো একমত পোষন করেন।
০৩।	আফতাব নগর ৩৩/১১ কেভি উপকেন্দ্রের বিটিভি ফিডার	বিইআরসি সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের জন্য বিশদ আলোচনা করা হয়। আলোচনায় ডিপিডিসি'র ট্যারিফ এন্ড এনার্জি অডিট দপ্তরের তত্ত্বাবধায়ক প্রকৌশলী জানান খিলগাঁও দপ্তরের আওতাধীন গ্রাহক বিটিভিতে ২টি মিটারের মাধ্যমে বিল করা হয়। যাহার ১টি ডিপিডিসি'র আওতাধীন খিলগাঁও ৩৩/১১ কেভি উপকেন্দ্র হতে এবং অপরটি ডেসকো'র আওতাধীন আফতাবনগর ৩৩/১১ কেভি উপকেন্দ্র হতে এক্সপ্রেস ফিডারের মাধ্যমে বিদ্যুৎ সরবরাহ করা হয়। ডেসকোর আফতাবনগর উপকেন্দ্র হতে সরবরাহকৃত বিদ্যুৎ (গ্রহনকৃত ইউনিট) পিডিবি, ডিপিডিসি'র নামে বিল করে। বর্তমানে বিইআরসির'র সিদ্ধান্ত অনুযায়ী ফেব্রুয়ারী ২০১৪ বিলিং মাস

		হতে পিডিবি হতে ডিপিডিসি'র নামে বিল না করে ডেসকো প্রযোজ্য ট্যারিফে ডিপিডিসিকে বিল করার সিদ্ধান্তের কথা জনানো হয়েছে। বিষয়টি নিয়ে বিস্তারিত আলোচনার পর সিদ্ধান্ত হয়েছে যে, যেহেতু বিটিভিতে ০২ টি মিটারের মাধ্যমে বিল হয় সেহেতু ডিপিডিসি এবং ডেসকোর উপকেন্দ্র হতে গ্রহনকৃত বিদ্যুৎ ব্যবহার অনুযায়ী যার যার ফিডারে আগামী ফেব্রুয়ারী ২০১৪ হতে আলাদাভাবে বিল করবে। ফেব্রুয়ারী ২০১৪ মাসের পূর্বের বকেয়ার জন্য ডিপিডিসি আদায়ের ব্যবস্থা নিবে। এ বিষয়ে এনওসিএস খিলগাঁও দপ্তর গ্রাহক বিটিভি এবং বিতরন ও সংরক্ষন বিভাগ বাড্ডা, ডেসকোকে জানানোর প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন। ডিপিডিসি এবং ডেসকো নিজ নিজ ফিডারের প্রয়োজনীয় সংরক্ষণ ও মেরামত কাজ করবে।
০৪।	সিভিল এভিয়েশন ১১ কেভি সুইচিং উপকেন্দ্রের অধীন আইসিসি ফিডার	বিইআরসি সিদ্ধান্ত সমূহ বাস্তবায়নের জন্য বিশদ আলোচনা করা হয়। আলোচনায় ডিপিডিসি'র ট্যারিফ এন্ড এনার্জি অডিট দপ্তরের তত্ত্বাবধায়ক প্রকৌশলী জানান প্রধানমন্ত্রীর কার্য্যালয়ে আইসিসি'র জন্য ডিপিডিসি'র আওতাধীন কাওরানবাজার ৩৩/১১ কেভি, তেজগাঁও ৩৩/১১ কেভি উপকেন্দ্র হতে ২ টি এক্সপ্রেস ফিডারে মাধ্যমে ২টি মিটার এবং ডেসকোর আওতাধীন সিভিল এভিয়েশন ১১ কেভি সুইচিং উপকেন্দ্র হতে ১টি এক্সপ্রেস ফিডারের মাধ্যমে ১টি মিটার অর্থাৎ ৩ টি মিটারের মাধ্যমে ডিপিডিসি বিদ্যুৎ সরবরাহ করে। ডেসকোর সিভিল এভিয়েশন ১১ কেভি সুইচিং উপকেন্দ্র হতে সরবরাহকৃত বিদ্যুৎ (গ্রহনকৃত ইউনিট) পিডিবি ডিপিডিসি'র নামে বিল করে। বর্তমানে বিইআরসি'র সিদ্ধান্ত অনুযায়ী জানুয়ারী ২০১৪ হতে আলাদাভাবে বিল করবে। জানুয়ারী ২০১৪ বিলিং মাস হতে সিভিল এভিয়েশন ১১ কেভি সুইচিং উপকেন্দ্র হতে গ্রহনকৃত বিদ্যুৎ ইউনিট পিডিবি ডিপিডিসি'র নামে বিল না করে ডেসকো প্রযোজ্য ট্যারিফে ডিপিডিসি'কে বিল করার সিদ্ধান্তের কথা জানানো হয়েছে। বিষয়টি নিয়ে বিস্তারিত আলোচনার পর সিদ্ধান্ত হয়েছে যে যেহেতু প্রধানমন্ত্রীর কার্য্যালয়ে ৩ টি এক্সপ্রেস ফিডারে ৩টি মিটারের মাধ্যমে বিল করা হয় সেহেতু ডিপিডিসি এবং ডেসকো উপকেন্দ্র হতে গ্রহনকৃত বিদ্যুৎ ব্যবহার অনুযায়ী যার যার ফিডারের বিল আগামী ফেব্রুয়ারী ২০১৪ হতে আলাদাভাবে করবে। ফেব্রুয়ারী ২০১৪ মাসের পূর্বের বকেয়া ডিপিডিসি আদায়ের ব্যবস্থা নিবে। ডিপিডিসি এবং ডেসকো নিজ নিজ ফিডারের প্রয়োজনীয় সংরক্ষণ ও মেরামত কাজ করবে। এই বিষয়ে এনওসিএস তেজগাঁও দপ্তর, গ্রাহক প্রধানমন্ত্রীর কার্য্যালয় এবং বিতরন ও সংরক্ষন বিভাগ জোয়ারসাহারা, ডেসকোকে জানানোর প্রয়োজনীয় ব্যবস্থা নিবে।
০৫।	Drainage Division ও গাবতলী বাস টার্মিনাল এবং নানরুটি ফিডার।	বিইআরসি সিদ্ধান্ত সমূহ বাস্তবায়নের জন্য বিশদ আলোচনা করা হয়। আলোচনায় ডিপিডিসি'র ট্যারিফ এন্ড এনার্জি অডিট দপ্তরের তত্ত্বাবধায়ক প্রকৌশলী জানান যে, ডিপিডিসি'র Swerage Pump Overhead ফিডার হতে এইচটি মিটারের মাধ্যমে ডেসকোর Drainage Division-৩ কে বিদ্যুৎ সরবরাহ করা হয় এবং ডেসকো কর্তৃক বিল ইস্যু করা হয়। যেহেতু উক্ত ফিডারের আওতায় যে স্থানে সংযোগ গ্রহন করা হয়েছে তাহা ডিপিডিসি'র আওতাধীন এলাকা বিধায় তিনি উক্ত গ্রাহকটি ডিপিডিসিকে হস্তান্তর করার জন্য অনুরোধ করেন। ডিপিডিসি'র ট্যারিফ এন্ড এনার্জি অডিট দপ্তরের তত্ত্বাবধায়ক প্রকৌশলী আরও জানান, ডিপিডিসি'র Swerage Pump Overhead ফিডারের উপর ৩টি সিঙ্গেল ফেইজ ট্রান্সফরমারের মাধ্যমে ডেসকো ১টি CNG pumpসহ ৪ জন গ্রাহককে সংযোগ প্রদান করেছে। উক্ত গ্রাহকের পাশে গাবতলী বাস টার্মিনাল ডিপিডিসি'র গ্রাহক হওয়ায় ডিপিডিসি'র ট্যারিফ এন্ড এনার্জি অডিট দপ্তরের তত্ত্বাবধায়ক প্রকৌশলী উক্ত ৪ জন গ্রাহককে ডিপিডিসি'র নিকট হস্তান্তরের জন্য

		অনুরোধ করেন। এই বিষয়ে ডেসকোর প্রধান প্রকৌশলী উক্ত ৪ জন গ্রাহকের আশেপাশে সকল গ্রাহক ডেসকোর উল্লেখ করে উক্ত ৪ জন গ্রাহককে ডেসকোর ফিডার হতে সংযোগ প্রদানের বিষয় আলোচনা করেন। কিন্তু অন্যান্য গ্রাহক ডেসকোর নিশ্চিত না হওয়ায় ডিপিডিসি ও ডেসকোর কর্মকর্তাদের দ্বারা যৌথ পরিদর্শনের মাধ্যমে সিদ্ধান্ত গ্রহনের বিষয়ে একমত পোষন করেন। পরবর্তীতে ২৩/০১/১৪ ইং তারিখে ডিপিডিসি ও ডেসকোর কর্মকর্তাদের যৌথ পরিদর্শনে দেখা যায় উক্ত ৪ জন গ্রাহকের আশেপাশের অন্য গ্রাহক ডেসকোর নয় এবং ঐ ৪ জন গ্রাহককে ডেসকোর কোন ফিডার থেকে সংযোগ দেয়া সহজ সাধ্য নয়। এমতাবস্থায় Drainage Division সহ উক্ত ৪ জন গ্রাহক ডিপিডিসি'র নিকট হস্তান্তরের সিদ্ধান্ত গৃহীত হয়। আগামী ফেব্রুয়ারী/১৪ বিলিং মাস হতে ডিপিডিসি উক্ত ৪ জন গ্রাহকের বিল করবে এবং জানুয়ারী/১৪ বিলিং মাস পর্যন্ত বিল এবং সকল বকেয়া ডেসকো আদায় করবে। এই বিষয়ে বিতরণ ও সংরক্ষন বিভাগ, শাহ আলী ডেসকো ডিপিডিসি'র এনওসিএস, আদাবর দপ্তরকে জানানোর প্রয়োজনীয় ব্যবস্থা নিবে। ডেসকো'র ভৌগলিক এলাকায় অবস্থিত নানরুটি (ট্রাস্ট মিলনায়তন) সাবষ্টেশনে ডিপিডিসি হতে বিদ্যুৎ সরবরাহ করা হয় কিন্তু বিল ডেসকো হতে ইস্যু করা হয়। বর্তমানে নানরুটি ফিডারটি ডেসকোর নিজস্ব বিতরণ ব্যবস্থা হতে সংযোগ সুবিধা সৃষ্টি করা হয়েছে। এমতাবস্থায় আগামী ২৮ ফেব্রুয়ারী হতে ডিপিডিসি'র ফিডার হতে সংযোগ বিচ্ছিন্ন করা হবে। এই ব্যাপারে বিতরন ও সংরক্ষন বিভাগ জোয়ারসাহারা, ডেসকো ডিপিডিসি'র এনওসিএস তেজগাঁও দপ্তরকে জানানোর প্রয়োজনীয় ব্যবস্থা নিবে।

উক্ত সিদ্ধান্তসমূহ বিইআরসি ও পিডিবিকে জানানোর জন্য সভায় সিদ্ধান্ত গ্রহন করা হয়। পিডিবিকে ডিপিডিসি ও ডেসকোর মধ্যে সিদ্ধান্ত সমূহ কার্যকরী করা পর্যন্ত পূর্বের ন্যায় বিল করার জন্য অনুরোধ করা হয়। আর কোন বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

০৬/০২/১৪

(এ.এম. মিজানুর রহমান)
নির্বাহী পরিচালক (অপারেশন)
ডিপিডিসি।

অনুলিপি :

০১। চেয়ারম্যান,বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন, ঢাকা।
০২। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানী লি :, ঢাকা।
০৩। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানী লি : , ঢাকা।
০৪। প্রধান প্রকৌশলী, এনওসিএস (নর্থ/সেন্ট্রাল/সাউথ), ডিপিডিসি।
০৫। প্রধান প্রকৌশলী, এসএন্ড ডি এন্ড নেটওয়ার্ক অপারেশন, ডেসকো।
০৬। মহাব্যবস্থাপক, বাণিজ্যিক ও পরিচালন, পিডিবি, ঢাকা।
০৭। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ট্যারিফ এন্ড এনার্জি অডিট/ গ্রীড (নর্থ / সাউথ) ডিপিডিসি।
০৮। নির্বাহী প্রকৌশলী, এনওসিএস, খিলগাঁও/ বনশ্রী/ আদাবর/ শ্যামলী/ তেজগাঁও, ডিপিডিসি।
০৯। নির্বাহী প্রকৌশলী, বিতরণ ও সংরক্ষণ বিভাগ শাহ আলী/জোয়ারসাহারা, ডেসকো।
১০। অফিস কপি/মাষ্টার ফাইল।

D/office order